...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

আইসিটি শাখা

www.sylhet.gov.bd

আইসিটি বিষয়ক কমিটির অক্টোবর ২০২১ মাসের সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | এম কাজী এমদাদুল ইসলাম<br>জেলা প্রশাসক, সিলেট |
| সভার তারিখ | ৩১ অক্টেবর ২০২১ |
| সভার সময় | বেলা ১১:৩০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, সিলেট |
| উপস্থিতি | পরিশিষ্ট- “ক” |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভায় সেপ্টেম্বর ২০২১ মাসের কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ইনফো সরকার-৩ প্রকল্প: অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১৭ আগস্ট ২০২১ তারিখের ৫৬.০১.০০০০.০২৭.০৭.০০১. ১৭ (অংশ-৭)-৩৬৮৩ নম্বর স্মারকে উদ্যোক্তাদের ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানের বিষয়ে কিছু নির্দেশনা প্রদান করা হয়। ১) ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প হতে এনটিটিএন কর্তৃক CSR-এর আওতায় ইউডিসিতে বিনামূল্যে প্রদানকৃত ইন্টারনেট সেবা বন্ধ থাকবে, ২) ইউডিডিস এর উদ্যোক্তাগণ সরকার কর্তৃক নির্ধারিত “এক দেশ এক রেট” প্যাকেজ অনুযায়ী Internet Service Provider (ISP)-দের ইন্টারনেট বিল পরিশোধ করবে, ৩) আইএসপি প্রতিষ্ঠান পাওয়া না গেলে ইউনিয়ন পপ থেকে বিসিসি ইন্টারনেট সেবা প্রদান করবে এবং রেভিনিউ কালেকশন করবে এবং ৪) BTRC কর্তৃক নির্ধারিত “এক দেশ এক রেট” অনুযায়ী ইউডিসি উদ্যোক্তাবৃন্দ আইএসপিদের মাধ্যমে ইউনিয়ন পপ হতে ব্রডব্যান্ড সেবা গ্রহণ করবে। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার প্রকল্প-৩ জানান, ইনফো সরকার প্রকল্পের আওতায় ৬৬টি ইউনিয়নের মধ্যে বর্তমানে ৬৬টি ইউনিয়নে যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। তন্মধ্যে ৬৪টি ইউনিয়ন ন্যাশনাল মনিটরিং সিস্টেম (NMS) এর আওতায় আছে এবং নিরবচ্ছিন্ন ইন্টারনেট সরবরাহ করা হচ্ছে। প্রকল্প দপ্তর থেকে নষ্ট ডিভাইসসমূহ মেরামত করে সরবরাহ না করায় সংযোগবিহীন ২টি ইউনিয়নে (দয়ামীর ও দুবাগ) ইন্টারনেট সরবরাহ করা সম্ভব হচ্ছে না। | ১। ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সরকার কর্তৃক নির্ধারিত “এক দেশ এক রেট” প্যাকেজ অনুযায়ী ইন্টারনেট ব্যবহার ও আইএসপি-দের ইন্টারনেট বিল পরিশোধ নিশ্চিত করতে হবে এবং বিষয়টি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উদ্যোক্তাদের অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| | | ২। দয়ামীর ও দুবাগ ইউনিয়নে ইন্টারনেট সংযোগ প্রদান করতে হবে।<br>৩। ইউনিয়নগুলোতে বিটিসিএল ও ইনফো সরকার-৩ প্রকল্পের ইন্টারনেট সংযোগ রয়েছে। উক্ত সংযোগগুলোর সার্বিক মনিটরিং ও সমন্বয় করবেন প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট। | আঞ্চলিক পরিচালক, বিসিসি, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট জুনিয়র কনসালটেন্ট ও সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ২ | ই-ফাইলিং (নথি) বাস্তবায়ন: অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, ই-নথি সিস্টেমের মাধ্যমে নিয়মিত ডাক গ্রহণ করা হচ্ছে এবং তা ই-নথিতে উপস্থাপন করে নিষ্পত্তি করা হচ্ছে। ই-নথি সিস্টেমের আপডেটের কার্যক্রম চলমান থাকায় বর্তমানে নথি সিস্টেমে প্রতিবেদন প্রদর্শন হচ্ছেনা। এছাড়া বিগত ২৭ অক্টোবর ২০২১ তারিখে এটুআই হতে ই-নথি ইমপ্লিমেন্টেশন টিম, টেকনিক্যাল টিম ও ডেভেলপমেন্ট টিমের সমন্বয়ে গঠিত একটি দল এ অফিসের কারিগরি সমস্যা চিহ্নিত করেন এবং সেগুলো নিরসন করেন। প্রোগ্রমার তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, সিলেট ডি-নথি চালুর বিষয়টি সভায় উত্থাপন করেন এবং ডি-নথি চালুর পূর্বে ই-নথির ব্যবহার জোরদারকরণের বিষয়ে আলোকপাত করেন। | ১। জেলা ও উপজেলা পর্যায়ের ই-নথি কার্যক্রম গতিশীল করতে মনিটরিং জোরদার করতে হবে। দীর্ঘদিন যাবত পেন্ডিংয়ে থাকা ডাক এবং নথি অবিলম্বে নিষ্পত্তি করতে হবে।<br>২। জেলা ও উপজেলা পর্যায়ে ডি-নথি চালুর পূর্বে ই-নথির বাস্তবায়ন জোরদার করতে হবে। | ই-ফাইলিং সিস্টেম আওতাভুক্ত সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ৩ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, তথ্য অধিকার আইন অনুসারে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়ন এবং উক্ত নীতিমালা অনুযায়ী যে সকল তথ্য ওয়েব পোর্টালে আপলোড করার কথা সে সকল তথ্য সকল দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করা প্রয়োজন।<br>এছাড়া সভায় প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর জানান, কেন্দ্রীয়ভাবে ওয়েব পোর্টাল নতুন ভার্সন সংক্রান্ত আপটেডের কাজ চলমান থাকায় বর্তমানে রিপোর্ট প্রদর্শন হচ্ছেনা। | ১। তথ্য অধিকার আইন অনুসারে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়ন করতে হবে এবং উক্ত নীতিমালা অনুসারে সকল তথ্য ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| | | ২। জেলা ও উপজেলা তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসনের বিভিন্ন কার্যক্রমের খবর ও নোটিশ আপলোড নিশ্চিত করতে হবে। প্রত্যেক দপ্তরের তথ্য বাতায়ন বাংলা এবং ইংরেজিতে হালানাগাদ করতে হবে। এছাড়া উপজেলা পর্যায়ের সকল দপ্তরের তথ্য বাতায়ন যথাযথভাবে হালনাগাদ করার জন্য উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভায় নির্দেশনা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট |
| | | ৩। জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের তথ্য বাতায়ন জরুরিভিত্তিতে হালনাগাদ করতে হবে। | স্ব স্ব দপ্তর প্রদান |

| | | | |
|---|---|---|---|
| ৪ | <u>ইউডিসি সংক্রান্ত</u>: অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, একসেবা সিস্টেমে উদ্যোক্তগণ কর্তৃক প্রকৃত আয়ের তথ্য আপলোড করা হচ্ছে না। একসেবা সিস্টেমে প্রকৃত আয়ের তথ্য আপলোড করার বিষয়ে উদ্যোক্তগণকে বিশেষ নির্দেশনা প্রদান এবং মনিটরিং করা প্রয়োজন। এছাড়া একসেবা সিস্টেমে সেপ্টেম্বর ২০২১ মাসে ডিজিটাল সেন্টার উদ্যোক্তা মোট ৩,৯৫,৮৭২/- (তিন লক্ষ পঁচানব্বই হাজার আটশত বাহাত্তর) টাকা আয়ের তথ্য আপলোড করছেন। সেপ্টেম্বর ২০২১ মাসে সর্বোচ্চ ২৮,৪১৫/- (আটাশ হাজার চারশত পনেরো) টাকা আয় করেন ওসমানীনগর উপজেলার তাজপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্ত জনাব মোঃ আবুল কালাম আজাদ এবং সর্বনিম্ন ৩৪০/- (তিনশত চল্লিশ) টাকা আয় করেছেন মিজ্ আছমা রানী, বরইকান্দি ইউডিসি। সভায় ইউডিসি'র কার্যক্রম ও উদ্যোক্তাদের সেবা প্রদানের মান বৃদ্ধি করতে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া এটুআই প্রোগ্রামের ১৮ অক্টোবর ২০২১ তারিখের ৫৬.৪২.০০০০.০১১. ১২.০০১.২০.৩০ নম্বর স্মারকে প্রাপ্ত পত্রের আলোকে দ্রুততম সময়ে ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যানদের সাথে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের চুক্তিপত্র সম্পাদন ও অঙ্গীকারনামা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | ১। 'একসেবা' সিস্টেমে সকল উদ্যোক্তা প্রকৃত আয়ের তথ্য আপলোড করতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার মনিটরিং করবেন এবং উদ্যোক্তাদের 'একসেবা' সিস্টেমে আয়ের তথ্য আপলোডের বিশেষ নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| | | ২। যে সকল ইউনিয়নে ইতিমধ্যে নির্বাচন সম্পন্ন হয়েছে এবং শপথ সম্পন্ন হয়েছে সে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সাথে বর্তমান উদ্যোক্তাদের দ্রুততম সময়ে চুক্তিপত্র সম্পাদন ও অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে। যে সকল ইউনিয়নে নির্বাচন আসন্ন সে সকল ইউনিয়নে নবনির্বাচিত চেয়ারম্যানগণের শপথ গ্রহণের পর পরই ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে চুক্তিনামা সম্পাদন ও অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ৫ | <u>মাল্টিমিডিয়া ক্লাসরুম:</u> জেলা শিক্ষা অফিসার এর প্রতিনিধি জানান, সিলেট জেলার শিক্ষা অফিসের আওতাধীন বিদ্যালয়সমূহ বর্তমানে খুলে যাওয়া নিয়মিত অনলাইনে ক্লাস নেয়া হচ্ছে। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে শিক্ষা প্রতিষ্ঠান থেকে নিয়মিত রিপোর্ট আপলোড করা হচ্ছে না। মাল্টিমিডিয়া ক্লাস এর সংখ্যা বৃদ্ধি করতে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাস নিতে হবে।<br>২। সিলেট জেলায় অনলাইনে সম্পাদিত ক্লাসের তথ্য মাল্টিমিডিয়া সাইটে আপলোড করতে হবে এবং ক্লাসের সংখ্যা বৃদ্ধি করতে হবে। | জেলা শিক্ষা অফিসার, সিলেট |
| ৬ | <u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব:</u> অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের জন্য সরাসরি জেলা প্রশাসক বরাবর আবেদন করা হয়। সরাসরি আবেদন না করে স্ব স্ব উপজেলার উপজেলা আইসিটি বিষয়ক কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সুপারিশক্রমে প্রেরণ করা যায়। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর জানান, জেলা ও উপজেলা পর্যায়ে সেপ্টেম্বর ২০২১ মাসে ২০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করা হয়েছে। সহযোগীঅধ্যাপক, এমসি কলেজ জানান, এমসি কলেজে বিসিসির ল্যাব স্থাপন করা আছে। ল্যাবটির কয়েকটি কম্পিউটর নষ্ট। এছাড়া প্রায় ১৮০০ জন শিক্ষার্থী থাকায় উক্ত ল্যাবের মাধ্যমে যথাযথভাবে সকল শিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হচ্ছে না। সিনিয়র শিক্ষক সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় ও সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ জানান, বর্ণিত প্রতিষ্ঠানে ২০ বছর পূর্বে স্থাপিত বিসিসির ল্যাবের কম্পিউটারগুলো নষ্ট অবস্থায় রয়েছে। ল্যাবগুলো সচল করা প্রয়োজন। | ১। শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের বিষয়টি উপজেলা আইসিটি বিষয়ক কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করে উপজেলা নির্বাহী অফিসারের সুপারিশক্রমে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| | | ২। প্রতি মাসে ৩০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করতে হবে। সেপ্টেম্বর ২০২১ মাসে ২০টি ল্যাব পরিদর্শন করা হয়। যা প্রমাপ পূর্ণ হয়নি। এ মাসে প্রমাপ পূর্ণ করার জন্য প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার-কে নির্দেশনা প্রদান করা হয়। | প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), আইসিটি অধিদপ্তর, সিলেট |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| | | ৩। শিক্ষা প্রতিষ্ঠানে বিসিসি কর্তৃক স্থাপিত ল্যাবগুলো সরেজমিন পরিদর্শন করে ল্যাবগুলো সচল করার লক্ষ্যে বর্তমান অবস্থার প্রতিবেদন প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করতে হবে। | |

পরিশেষে আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরো তৎপর হওয়ার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২৪.০৬.০০১.১৬.২৫৭

তারিখ: ২২ কার্তিক ১৪২৮
০৭ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা
২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
৫) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
৬) সভাপতি মহোদয়ের একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, ঢাকা (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
৯) উপ-মহাব্যবস্থাপক, বিটিসিএল, সিলেট
১০) আঞ্চলিক পরিচালক , বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, সিলেট
১১) ........................................... সদস্য/সদস্য সচিব, জেলা আইসিটি বিষয়ক কমিটি, সিলেট
১২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
১৩) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
১৪) সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
১৫) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার প্রকল্প, সিলেট

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক

জেলা আইসিটি বিষয়ক কমিটির অক্টোবর ২০২১ মাসের সভা

তারিখ: ৩১ অক্টোবর ২০২১

## উপস্থিতি হাজিরা

| ক্রম | নাম ও পদবী | মোবাইল নম্বর | দাপ্তরিক ই-মেইল আইডি | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | | | | |
| ০২ | মোঃ বশির উদ্দিন<br>প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | 01914334547 | mbhobashir@gmail.com | Bashir |
| ০৩ | [illegible] চন্দ্র [illegible]<br>জেলা প্রশিক্ষণ অফিসার<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | 01716892093 | ddaesylhet@gmail.com | [illegible] |
| ০৪ | শেখ মোঃ নজরুল ইসলাম<br>প্রতিনিধি এম.সি. কলেজ | 01716826112 | najrul78mc@gmail.com | |
| ০৫ | মোহাম্মদ নাসির উদ্দিন<br>[illegible] | 01712712473 | dsssylhet@gmail.com | [illegible] 31/10/21 |
| ০৬ | মোঃ আমিরুল ইসলাম<br>সহকারী প্রোগ্রামার<br>আইসিটি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ | 01771520154 | amerulese0913@gmail.com | 31/10/21 |
| ০৭ | তারেক আহমেদ খান<br>সহকারী প্রোগ্রামার<br>আইসিটি অধিদপ্তর, [illegible] | 01736555816 | tarequedoict@gmail.com | 31/10/21 |
| ০৮ | আবু নছর মোহাম্মদ সুফিয়ান<br>সিনিয়র শিক্ষক (ইংরেজি)<br>সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় | 01711271330 | hmsylgovpibt school@yahoo.com | 31.10.21 |
| ০৯ | মোহাম্মদ নাঈম হাসান<br>উপজেলা ই-সার্ভিস [illegible]<br>কোম্পানীগঞ্জ, সিলেট | 01616899829 | naeemiit08@gmail.com | [illegible] |
| ১০ | শামীম আহমেদ<br>সহকারী প্রোগ্রামার<br>বিয়ানীবাজার, সিলেট | 01533211789 | shameemdoict@gmail.com | [illegible] |
| ১১ | ড. মো. আব্দুল কাদির<br>প্রতিনিধি, অধ্যক্ষ<br>সিলেট সরকারি মহিলা কলেজ | 01711049270 | kadir1276@gmail.com | [illegible] |
| ১২ | মোঃ মাহবুবুল হক [illegible]<br>সহকারী পরিচালক [illegible] | 01773579010 | sylhetdeo2008@gahoo.com | [illegible] |
| ১৩ | রেজাউল করিম<br>সহকারী শিক্ষক সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ | 01717-567577 | gashsc@gmail.com | [illegible] |
| ১৪ | [illegible]<br>জেলা [illegible]<br>পরিসংখ্যান অফিস | 01716077230 | ddsisylhet@gmail.com | [illegible] |
| ১৫ | এ. এস. আরিফুল ইসলাম<br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার<br>[illegible] | 01738593153 | arifratul13@gmail.com | [illegible] |
| ১৬ | জামিল আহমেদ ভূঁইয়া<br>সহকারী প্রোগ্রামার<br>[illegible] | 01726231123 | jamil.ahmed_bhuiyan@yahoo.com | [illegible] |

জেলা আইসিটি বিষয়ক কমিটির অক্টোবর ২০২১ মাসের সভা

তারিখ: ৩১ অক্টোবর ২০২১

## উপস্থিতি হাজিরা

| ক্রম | নাম ও পদবী | মোবাইল নম্বর | দাপ্তরিক ই-মেইল আইডি | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৭ | নকুল চন্দ্র দেবনাথ, ADPEO | 01716174441 | | [signature] 31.10.21 |
| ২৮ | শেখ মুজিবুল ইসলাম সিনিঃ সহ. পুলিশ সুপার | 01320117713 | aspsaf.sylhet@gmail.com | [signature] |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |